186

ভোরের কাগজ

তারিখ SEP 3 1999
পৃ ৪ কলাম ৬

## জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে

আগামী ১২ অক্টোবর থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ কলেজসমূহে এমএ/এমকম/এমএসএস/এমএসসি ১ম পর্ব পরীক্ষা শুরু হতে যাচ্ছে এবং তা চলবে আগামী ১৩ নভেম্বর পর্যন্ত। কিন্তু হিন্দু ধর্মাবলম্বীদের অন্যতম বার্ষিক ধর্মীয় অনুষ্ঠান দুর্গাপূজা শুরু হবে আগামী ১৫ অক্টোবার থেকে। পাঁচদিনব্যাপী এই পূজা শেষ হবে ২০ অক্টোবর। তাই হিন্দু ধর্মাবলম্বীরা যাতে এই পূজানুষ্ঠান সুষ্ঠুভাবে পালন করতে পারে এবং পরিবারের সবার সঙ্গে মিলিত হতে পারে সেজন্য মাস্টার্স ১ম পর্ব পরীক্ষা অন্তত এক সপ্তাহ পিছিয়ে দেওয়ার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে বিনীত অনুরোধ জানাচ্ছি। হিন্দু ধর্মাবলম্বী ছাত্রছাত্রীদের কথা বিবেচনা করে আগামী ২৩ অক্টোবর থেকে পরীক্ষা শুরু করা হোক।

আশাকরি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উক্ত বিষয়ে ইতিবাচক সিদ্ধান্ত গ্রহণ করবেন।

দীপক কুমার রায়
এমএসসি ১ম পর্ব পরীক্ষার্থী
এমসি কলেজ, সিলেট।